

আলোচ্য বিষয়ঃ
ভারতীয় দর্শনে 'দর্শন' শব্দের অর্থ।

দর্শন অনার্স
প্রথম বর্ষ

তুফান আলি সেখ
সহকারি অধ্যাপক
দর্শন বিভাগ
মহীতোষ নন্দী মহাবিদ্যালয়

দৃষ + অনট্ = দর্শন

দৃষ = দেখা বা প্রত্যক্ষ করা।

দেখা/প্রত্যক্ষ = জ্ঞানের দিক থেকে দেখা/
তাত্ত্বিক দিক থেকে দেখা।

ভারতীয় দর্শনে ‘দর্শন’ শব্দটি ‘দৃষ’ ধাতুর সঙ্গে ‘অনট’ প্রত্যয় যোগ করে এসেছে।

‘দৃষ’-ধাতুর অর্থ হল ‘দেখা’ বা ‘প্রত্যক্ষ করা’। কিন্তু, ভারতীয় দর্শনে ‘দেখা’ বলতে ‘চাক্ষুস প্রত্যক্ষকে’ নির্দেশ করা হয়নি। এখানে ‘দেখা’ বলতে বোঝানো হয়েছে ‘জ্ঞানের দিক থেকে দেখা’ বা ‘তাত্ত্বিক দিক থেকে দেখা’। ভারতীয় দর্শনকে সত্যদর্শনও বলা হয়ে থাকে।

ভারতীয় দর্শনকে অনেকে ‘হিন্দু দর্শন’ বলেও অভিহিত করে থাকেন। কিন্তু, এখানে ‘হিন্দু’ বলতে কোন বিশেষ ধর্ম সম্প্রদায়ের কথা বলে হয়নি। ‘হিন্দু’ - কথাটিকে ভারতীয় দর্শনে ভৌগোলিক অর্থে গ্রহণ করা হয়েছে। ভারতীয় ভূখণ্ডে যে সকল দর্শন সম্প্রদায়ের উদ্ভব ও বিকাশ ঘটেছে, সেই সকল দর্শন সম্প্রদায়কে একসঙ্গে হিন্দু দর্শন অর্থাৎ ভারতীয় দর্শন নামে অভিহিত করা হয়।

ধন্যবাদ